

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৪৮০

আগরতলা, ২০ জুন, ২০২৪

কৃষ্ণরায়কামী অঙ্গনওয়াড়ি কেন্দ্রে গ্রামীণ স্বাস্থ্য ও পুষ্টি দিবস

উনকোটি জেলার মাইলং আয়ুস্মান আরোগ্য মন্দিরের অন্তর্গত কৃষ্ণরায়কামী অঙ্গনওয়াড়ি কেন্দ্রে সম্প্রতি গ্রামীণ স্বাস্থ্য ও পুষ্টি দিবস পালন করা হয়। অনুষ্ঠানে স্বাস্থ্যকর্মীগণ স্বাস্থ্য বিষয়ক বিভিন্ন সচেতনতামূলক বিষয় নিয়ে আলোচনা করেন। ম্যালেরিয়া প্রতিকার ও প্রতিরোধের উপায়, ঔষধযুক্ত মশারি ব্যবহারের প্রয়োজনীয়তা, জেএসওয়াই, জেএসএসকে, পরিবার পরিকল্পনা, সম্পূর্ণ টিকাকরণের গুরুত্ব ও সময়মত টিকা নেওয়ার উপকারিতা এবং কার্যকরিতা নিয়ে বিস্তারিত আলোচনা করেন। অনুষ্ঠানে ২৫ জন এলাকাবাসীকে চিকিৎসা করে প্রয়োজনীয় ঔষধ দেওয়া হয়েছে। তাছাড়াও অনুষ্ঠানে ৬৭ জনের আভা কার্ড তৈরি করা হয়। পরিবার কল্যাণ ও রোগ প্রতিরোধক দপ্তর থেকে এক প্রেস রিলিজে এই সংবাদ জানানো হয়েছে।
